“যে ব্যক্তি শুধুমাত্র আল্লাহর কালিমাকেই উঁচু রাখার জন্য যুদ্ধ করবে, তার যুদ্ধই শুধু আল্লাহর রাস্তায় হবে।”

আবূ মূসা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেছেন: আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এমন এক লোক সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল, যে বীরত্ব
প্রদর্শনের জন্য যুদ্ধ করে থাকে, আবার কেউ বংশ কৌলিন্যের কারণে যুদ্ধ করে আবার কেউ মানুষ দেখানোর জন্য যুদ্ধ করে থাকে, এদের মধ্যে কোনটি আল্লাহর রাস্তায় হয়েছে? আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: “যে ব্যক্তি শুধুমাত্র
আল্লাহর কালিমাকেই উঁচু রাখার জন্য যুদ্ধ করবে, তার যুদ্ধই শুধু আল্লাহর রাস্তায়
হবে।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে যোদ্ধাদের মধ্যে বিদ্যমান ভিন্ন ভিন্ন উদ্দেশ্য সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল; যে ব্যক্তি বীরত্ব প্রদর্শনের জন্য লড়াই করে, অথবা বংশ মর্যাদা রক্ষার জন্য লড়াই করে, অথবা মানুষের মধ্যে তার অবস্থান দেখানোর জন্য বা অন্যান্য কারণে লড়াই করে, তাদের মধ্যে কোনটি আল্লাহর রাস্তায় (জিহাদ) হয়েছে বলে ধরা হবে? তখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিলেন, আল্লাহর রাস্তায় লড়াইকারী তো শুধু ঐ ব্যক্তি, যে আল্লাহর কালিমা উঁচু হোক, শুধুমাত্র এ কারণেই লড়াই করে।

http://sunnah.global/hadeeth/bn/show/2969